

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিভাগীয় কর্মকর্তার দপ্তর



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী অধীনস্থ টিভিআই সমূহের সাথে আয়োজিত দ্বিতীয়
ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ইঞ্জি: ফারুক আহম্মদ
উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ ২৪.১১.২০২২ খ্রিঃ
সভার সময় সকালঃ ৯.০০ ঘটিকা
স্থান বিভাগীয় বস্ত্র অধিদপ্তর সভা কক্ষ।
উপস্থিতি কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকাঃ সংযুক্ত "ক"

বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অধীনস্থ টিভিআইসমূহের সাথে আয়োজিত ২য় ত্রৈমাসিক সভায় সভাপতি জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ সভার শুরুতে শুভেচ্ছা বিনিময় করেন। এরপর তিনি সিটিজেন চার্টার সম্পর্কে প্রাথমিক ধারণা দেন। পরবর্তীতে সকল সুপারিটেনডেন্টগণের কাছে জানতে চান প্রতিটি প্রতিষ্ঠানে হালনাগাদকৃত সিটিজেন চার্টার টাঙানো আছে কিনা। এর পর কিছু প্রতিষ্ঠান ইঁা বোধক উত্তর করেন আর কিছু প্রতিষ্ঠান পুরনো সিটিজেন চার্টার টাঙানো আছে বলে জানান। এরপর সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ টিভিআই এর সামনে সেবা প্রত্যাশীদের সেবা সহজ করার জন্য হালনাগাদকৃত সিটিজেন চার্টার টাঙানোর নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।

সভায় গৃহীত সিদ্ধান্তঃ

১। শিক্ষা প্রতিষ্ঠানে হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক জনসম্মুখে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.১৮.০৯৬.১৫.-৫০২

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সুপারিটেনডেন্ট, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষীপুর/নোয়াখালী
টিভিআই।

২) সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম।

মোঃ আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি) (রুটিন দায়িত্ব)